# শ্রীকৃষ্ণের অষ্টোত্তর শত নাম

জয় জয় গোবিন্দ গোপাল গদাধর
কৃষ্ণচন্দ্র কর কৃপা করুণা সাগর
জয় রাধে গোবিন্দ গোপাল বনমালী
শ্রীরাধার প্রাণধন মুকুন্দ মুরারী
হরিনাম বিনে রে ভাই
গোবিন্দ নাম বিনে
বিফলে মনুষ্য জন্ম যায় দিনে দিনে
দিন গেল মিছে কাজে রাত্রি গেল নিদ্রে
না ভজিনু রাধাকৃষ্ণ রণার বৃন্দে
কৃষ্ণ ভজিবার তরে সংসারে আইনু
মিছে মায়ায় বদ্ধ হয়ে বৃক্ষসম হৈনু
ফলরূপে পুত্র কন্যা ডাল ভাঙ্গি পড়ে
কালরূপে সংসারেতে পক্ষ বাসা করে
যখন কৃষ্ণ জন্ম নিলেন দৈবকী উদরে
মথুরাতে দেবগণ পুষ্পবৃষ্টি করে
বসুদেব রাখিয়া আইলেম নন্দের মন্দিরে
নন্দের আলয়ে কৃষ্ণ দিনে দিনে বাড়ে

শ্রীনন্দ রাখিল নাম নন্দের নন্দন।১
যশোদা রাখিল নাম যাদু বাছাধন।।২
উপানন্দ নাম রাখে সুন্দর-গোপাল।৩
ব্রজবালক নাম রাখে-ঠাকুর রাখাল।।৪

সুবল রাখিল নাম ঠাকুর কানাই।৫
শ্রীদাম রাখিল নাম রাখাল-রাজা ভাই।।৬
ননীচোরা নাম রাখে যতেক গোপিনী।৭
কালসোণা নাম রাখে রাধাবিনোদিনী।।৮

কুব্জা রাখিল নাম পতিত-পাবন-হরি।৯
চন্দ্রাবলী নাম রাখে মোহন-বংশীধারী।।১০
অনন্ত রাখিল নাম অন্ত না পাইয়া।১১
কৃষ্ণ নাম রাখে গর্গ ধ্যানেতে জানিয়া।।১২

অগ্বমুনি নাম রাখে দেবচক্রপাণি।১৩
বনমালী নাম রাখে বনের হরিণী।।১৪
গজহস্তী নাম রাখে শ্রীমধুসূদন।১৫
অজামিল নাম রাখে দেব নারায়ন।।১৬

পুরন্দর নাম রাখে দেব শ্রীগোবিন্দ।১৭
দ্রৌপদী রাখিল নাম দেব দীনবন্ধু।।১৮
সুদাম রাখিল নাম দারিদ্র্য-ভঞ্জন।১৯
ব্রজবাসী নাম রাখে ব্রজের জীবন।।২০

দর্পহারী নাম রাখে অর্জ্জুন সুধীর।২১
পশুপতি নাম রাখে গরুড় মহাবীর।।২২
যুধিষ্ঠির নাম রাখে দেব যদুবর।২৩
বিদুর রাখিল নাম কাঙ্গালের ঠাকুর।।২৪

বাসুকী রাখিল নাম দেব-সৃষ্টি-স্থিতি।২৫
ধ্রুবলোকে নাম রাখে ধ্রুবের সারথী।।২৬
নারদ রাখিল নাম ভক্ত-প্রাণধন।২৭
ভীষ্মদেব নাম রাখে লক্ষ্মী-নারায়ণ।।২৮

সত্যভামা নাম রাখে সত্যের সারথী।২৯
জাম্ববতী নাম রাখে দেব যোদ্ধাপতি।।৩০
বিশ্বামিত্র নাম রাখে সংসারের সার।৩১
অহল্যা রাখিল নাম পাষাণ-উদ্ধার।।৩২

ভৃগুমুনি নাম রাখে জগতের হরি।৩৩
পঞ্চমুখে রামনাম গান ত্রিপুরারি।।৩৪
কুঞ্জকেশী নাম রাখে বলী সদাচারী।৩৫
প্রহ্লাদ রাখিল নাম নৃসিংহ-মুরারী।।৩৬

বশিষ্ঠ রাখিল নাম মুনি-মনোহর।৩৭
বিশ্বাবসু নাম রাখে নবজলধর।।৩৮
সম্বর্ত্তক নাম রাখে গোবর্দ্ধনধারী।৩৯
প্রাণপতি নাম রাখে যত ব্রজনারী।।৪০

অদিতি রাখিল নাম আরতি-সূদন।৪১
গদাধর নাম রাখে যমল-অর্জ্জুন।।৪২
মহাযোদ্ধা নাম রাখে ভীম মহাবল।৪৩
দয়ানিধি রাখে নাম দরিদ্র সকল।।৪৪

বৃন্দাবন-চন্দ্র নাম রাখে বৃন্দাদূতি।৪৫
বিরজা রাখিল নাম যমুনার পতি।।৪৬
বাণীপতি নাম রাখে গুরু বৃহস্পতি।৪৭
লক্ষ্মীপতি নাম রাখে সুমন্ত্র সারথি।।৪৮

সন্দীপনি নাম রাখে দেব অন্তর্য্যামী।৪৯
পরাশর নাম রাখে ত্রিলোকের স্বামী।।৫০
পদ্মযোনি নাম রাখে অনাদির আদি।৫১
নট-নারায়ণ নাম রাখিল সম্বাদি।।৫২

হরেকৃষ্ণ নাম রাখে প্রিয় বলরাম।৫৩
ললিতা রাখিল নাম দুর্ব্বাদলশ্যাম।।৫৪
বিশাখা রাখিল নাম অনঙ্গমোহন।৫৫
সুচিত্রা রাখিল নাম শ্রীবংশীবদন।।৫৬

আয়ান রাখিল নাম ক্রোধ-নিবারণ।৫৭
চন্ডকেশী নাম রাখে কৃতান্ত-শাসন।।৫৮
জ্যোতিষ্ক রাখিল নাম নীলকান্তমণি।৫৯
গোপীকান্ত নাম রাখে সুদাম-ঘরণী।।৬০

ভক্তগণ নাম রাখে দেব জগন্নাথ।৬১
দুর্ব্বাসা রাখেন নাম অনাথের নাথ।।৬২
রাসেশ্বর নাম রাখে যতেক মালিনী।৬৩
সর্ব্ব-যজ্ঞেশ্বর নাম রাখেন শিবানী।।৬৪

উদ্ধব রাখিল নাম মিত্র-হিতকারী।৬৫
অক্রুর রাখিল নাম ভব-ভয়হারী।।৬৬
গুঞ্জমালী নাম রাখে নীল-পীতবাস।৬৭
সর্ব্ববেত্তা নাম রাখে দ্বৈপায়ণ ব্যাস।।৬৮

অষ্টসখী নাম রাখে ব্রজের ঈশ্বর।৬৯
সুরলোক নাম রাখে অখিলের সার।।৭০
বৃষভানু নাম রাখে পরম ঈশ্বর।৭১
স্বর্গবাসী রাখে নাম দেব পরাৎপর।।৭২

পুলোমা রাখেন নাম অনাথের সখা।৭৩
রসসিন্ধু নাম রাখে সখী চিত্রলেখা।।৭৪
চিত্ররথ নাম রাখে অরাতি-দমন।৭৫
পুলস্ত্য রাখিল নাম নয়ন-রঞ্জন।।৭৬

কশ্যপ রাখেন নাম রাস-রাসেশ্বর।৭৭
ভাণ্ডারীক নাম রাখে পূর্ণ-শশধর।।৭৮
সুমালী রাখিল নাম পুরুষ-প্রধান।৭৯
পুরঞ্জন নাম রাখে ভক্তগণ-প্রাণ।।৮০

রজকিনী নাম রাখে নন্দের-দুলাল।৮১
আহ্লাদিনী নাম রাখে ব্রজের-গোপাল।।৮২
দেবকী রাখিল নাম নয়নের মণি।৮৩
জ্যোতির্ম্ময় নাম রাখে যাজ্ঞবল্ক্য মুনি।।৮৪

অত্রিমুনি নাম রাখে কোটি-চন্দ্রেশ্বর।৮৫
গৌতম রাখিল নাম দেব বিশ্বম্ভর।।৮৬
মরীচি রাখিল নাম অচিন্ত্য-অচ্যুত।৮৭
জ্ঞানাতীত নাম রাখে সৌনকাদি সুত।।৮৮

রুদ্রগণ নাম রাখে দেব-মহাকাল।৮৯
বসুগণ নাম রাখে ঠাকুর দয়াল।।৯০
সিদ্ধগণ নাম রাখে পুতনা-নাশন।৯১
সিদ্ধার্থ রাখিল নাম কপিল তপোধন।।৯২

ভাগুরি রাখিল নাম অগতির গতি।৯৩
মৎস্যগন্ধা নাম রাখে ত্রিলোকের পতি।।৯৪
শুক্রাচার্য্য নাম রাখে অখিল-বান্ধব।৯৫
বিষ্ণুলোকে নাম রাখে দেব শ্রীমাধব।।৯৬

যদুগণ নাম রাখে যদুকুলপতি।৯৭
অশ্বিনীকুমার নাম রাখে সৃষ্টি-স্থিতি।।৯৮
অর্য্যমা রাখিল নাম কাল-নিবারণ।৯৯
সত্যবতী নাম রাখে অজ্ঞান-নাশন।।১০০

পদ্মাক্ষ রাখিল নাম ভ্রমর-ভ্রমরী।১০১
ত্রিভঙ্গ রাখিল নাম যত সহচরী।।১০২
বঙ্কচন্দ্র নাম রাখে শ্রীরূপমঞ্জরী।১০৩
মাধুরী রাখিল নাম গোপী-মনোহারী।।১০৪

মঞ্জুমালী নাম রাখে অভীষ্ট-পুরণ।১০৫
কুটিলা রাখিল নাম মদন-মোহন।।১০৬
মঞ্জরী রাখিল নাম কর্ম্মবন্ধ-নাশ।১০৭
ব্রজবধূ নাম রাখে পূর্ণ-অভিলাষ।।১০৮

দৈত্যারি দ্বারিকানাথ দারিদ্র-ভঞ্জন।
দয়াময় দ্রৌপদীর লজ্জা-নিবারণ।।
স্বরূপে সবার হয় গোলকেতে স্থিতি।
বৈকুন্ঠে ক্ষীরোদশায়ী কমলার পতি।।
রসময় রসিক নাগর অনুপম।
নিকুঞ্জবিহারী হরি নবঘনশ্যাম।।
শালগ্রাম দামোদর শ্রীপতি শ্রীধর।
তারকব্রহ্ম সনাতন পরম ঈশ্বর।।
কল্পতরু কমললোচন হৃষীকেশ।
পতিত-পাবন গুরু জ্ঞান-উপদেশ।।
চিন্তামণি চতুর্ভুজ দেব চক্রপাণি।
দীনবন্ধু দেবকী নন্দন যাদুমনি।।
অনন্ত কৃষ্ণের নাম অনন্ত মহিমা।
নারদাদি ব্যাসদেব দিতে নারে সীমা।।

নাম ভজ নাম চিন্ত নাম কর সার।
অনন্ত কৃষ্ণের নাম মহিমা অপার।।
শতভার সুবর্ণ গো কোটি কন্যাদান।
তথাপি না হয় কৃষ্ণ নামের সমান।।
যেই নাম সেই কৃষ্ণ ভজ নিষ্ঠা করি।
নামের সহিত আছে আপনি শ্রীহরি।।
শুন শুন ওরে ভাই নাম সংকীর্তন।
যে নাম শ্রবণে হয় পাপ বিমোচন।।
কৃষ্ণনাম হরিনাম বড়ই মধুর।
যেই জন ভজে কৃষ্ণ সে বড় চতুর।।
ব্রহ্ম-আদি দেব যারেঁ ধ্যানে নাহি পায়।
সে ধন বঞ্চিত হলে কি হবে উপায়।।
হিরণ্যকশিপুর করি উদর-বিদরণ।
প্রহ্লাদে করিল রক্ষা দেব নারায়ণ।।
বলীরে ছলীতে প্রভু হইলা বামন।
দ্রৌপদীর লজ্জা হরি কৈলা নিবারণ।।
অষ্টোত্তর শতনাম যে করে পঠন।
অনায়াসে পায় রাধা কৃষ্ণের চরণ।।
ভক্তবাঞ্ছা পূর্ণ করে নন্দের নন্দন।
মথুরায় কংস-ধ্বংস লঙ্কায় রাবণ।।
বকাসুর বধ আদি কালীয়-দমন।
সরোত্তম কহে এই নাম সংকীর্ত্তণ।
হরে কৃষ্ণ হরে কৃষ্ণ ঋণ কৃষ্ণ হরে হরে
হরে রাম হরে রাম রাম রাম হরে হরে।।
হরিবল হরিবল ....---- **Bhaktikatha.com-----**